গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২ শাখা
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৮৬.১৪.০৯৪.১৯.৪৭৩

তারিখ: ২১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৬ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় : জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলায় ফ্লাশ ফ্লাড এলাকায় জলবায়ু সহনশীল সড়ক অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১৬ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৪৮তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলায় ফ্লাশ ফ্লাড এলাকায় জলবায়ু সহনশীল সড়ক অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প প্রস্তাবটি প্রাক্কলিত ব্যয় ৪০০.০০ (চারশত) লক্ষ টাকা বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। এ অর্থ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। এমতাবস্থায়, ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বর্ণিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হ'ল।

প্রকল্পের মূল মেয়াদকাল: জুলাই, ২০১৯ হতে জুন, ২০২১ পর্যন্ত।

বাস্তবায়নকারী সংস্থাঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেম ওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রঃনং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৩২১১১২৫ | বিজ্ঞাপন ব্যয় | ০.৫০ |
| ০২ | ৩২৪৩১০২ | পেট্রোল, তেল এবং লুব্রিকেন্টস | ১.০০ |
| ০৩ | ৩২৫৫১০৫ | অন্যান্য স্টেশনারী | ২.০০ |
| (ক) মোট রাজস্ব ব্যয় | | | ৩.৫০ |
| ০১ | ৪১১১৩০৪ | এইচবিবি ইঞ্চি দ্বারা রাস্তা পুনর্নির্মাণ। প্রতিরক্ষামূলক কাজ ও এল/ইউ সারফেস ড্রেন। | ২৬.৫৫৮ |
| ০২ | ৪১১১৩০৪ | আরসিসি ইঞ্চি দ্বারা রাস্তা পুনর্নির্মাণ। প্রতিরক্ষামূলক কাজ ও এল/ইউ সারফেস ড্রেন। | ৩০৬.৮৩২ |
| ০৩ | ৪১১১৩০৪ | ব্রিজ/কালবার্ট নির্মাণ | ৬৩.১১ |
| (খ) মোট মূলধন ব্যয় | | | ৩৯৬.৫ |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | ৪০০.০০ |

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (০৯ এপ্রিল, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন) অনুসরণ করতে হবে;

২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rule (PPR), 2008 অনুসরন করতে হবে;

৩। এই অনুমোদন আদেশ জারীর পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;

৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC)অত্র ট্রাস্টকে অবহিত করতে হবে;

৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;

৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফট্ কপি (bcctmoef@hotmail.com এই ই-মেইল ঠিকানায়) প্রেরণ নিশ্চিত করতে হবে;

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূবে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্তণালয়ের উপর বর্তাবে এবং প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্তির পর অডিট রিপোর্টের কপি বিসিসিটি-তে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি ট্রাস্ট কার্যালয়ে ফেরত প্রদান করতে হবে।

(মো: মিজানুর রহমান)
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ১০১ মহাখালী, ঢাকা-১২১২।

০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও ঢাকা (অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্থসহ)।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০১। জেলা প্রশাসক, চট্টগ্রাম (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভার এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।